গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.gecp.edu.bd
e-mail: edwardcollegebd@yahoo.com

EIIN: 125663 College Code: 3000

স্মারক নং- সএক/ ৮০৩ তারিখ: ১৪/০৯/২০২৬ খ্রি.

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি ও নিয়মাবলি

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণির ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে।ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী কর্তৃক নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে নিম্নে উল্লিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।অনলাইনে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদেরকে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত তারিখে কলেজ অফিসে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।

### ১। ভর্তি সিডিউল

| ছাত্র-ছাত্রীর ধরণ | সাক্ষাৎকারের সময় | গ্রুপের নাম | অনলাইনে ভর্তির সময় | প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের সময় |
|---|---|---|---|---|
| ১। সাধারণ মেধা কোটা | প্রয়োজন নেই | বিজ্ঞান | ২০/ ০৯/ ২০২৬ হতে ২১/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ০০ টা পর্যন্ত | ২০/ ০৯/ ২০২৬ হতে ২২/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ৩০ টা পর্যন্ত |
| | | মানবিক | ২০/ ০৯/ ২০২৬ হতে ২১/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ০০ টা পর্যন্ত | ২০/ ০৯/ ২০২৬ হতে ২২/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ৩০ টা পর্যন্ত |
| | | ব্যবসায় শিক্ষা | ২০/ ০৯/ ২০২৬ হতে ২১/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ০০ টা পর্যন্ত | ২০/ ০৯/ ২০২৬ হতে ২২/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ৩০ টা পর্যন্ত |
| ২। মুক্তিযোদ্ধা, শিক্ষা কোটা ও বিশেষ কোটা (EQ-1 ও EQ-2) | ২২/ ০৯/ ২০২৬খ্রি. ৯: ৩০ হতে ১২: ০০ (** প্রয়োজনীয় কাগজ সঙ্গে আনতে হবে) | সকল বিভাগ | ২০/ ০৯/ ২০২৬ হতে ২১/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ০০ টা পর্যন্ত | ২২/ ০৯/ ২০২৬ দুপুর ০২: ৩০ টা পর্যন্ত |

### ২। কোটা থেকে বাছাই পদ্ধতি:

(ক) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদ, NID কার্ড এবং সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সন্তান প্রমাণের স্বপক্ষে জেলা/ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন, অনলাইন জন্ম নিবন্ধনের মূলকপি, রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি নিয়ে আসতে হবে।

(খ) EQ-1 ও EQ-2 কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং অনলাইন জন্ম নিবন্ধনের মূলকপি, রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি, NID কার্ড নিয়ে আসতে হবে।

(গ) সব ক্ষেত্রেই প্রয়োজন অনুযায়ী অন্যান্য কাগজপত্র নিয়ে আসতে হতে পারে।

(ঘ) কোটার জন্য ২২/ ০৯/ ২০২৬খ্রি. সকাল ৯:৩০টা থেকে বেলা ১২:০০টা পর্যন্ত অধ্যক্ষ মহাদয়ের কার্যালয়ে সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

### ৩। এনসিটিবি কর্তৃক পরিমার্জিত সংশোধিত বিষয় কাঠামো (বিষয় গুচ্ছ) নিম্নরূপ:

| শাখার নাম | আবশ্যিক বিষয় | নৈর্বাচনিক বিষয় | ঐচ্ছিক বিষয় (৪র্থ) |
|---|---|---|---|
| বিজ্ঞান | বাংলা(১০১, ১০২)<br>ইংরেজি(১০৭, ১০৮)<br>আইসিটি(২৭৫) | (ক) পদার্থবিজ্ঞান (১৭৪, ১৭৫)<br>(খ) রসায়ন (১৭৬, ১৭৭)<br>গ) জীববিজ্ঞান(১৭৮, ১৭৯) অথবা উচ্চতর গণিত(২৬৫, ২৬৬) | নৈর্বাচনিক বিষয় বাদে অন্য ১টি বিষয়<br>ক) জীববিজ্ঞান(১৭৮, ১৭৯)<br>খ) উচ্চতর গণিত(২৬৫, ২৬৬) |
| মানবিক | বাংলা(১০১, ১০২)<br>ইংরেজি(১০৭, ১০৮)<br>আইসিটি(২৭৫) | নিচের তালিকা থেকে যেকোনো ৩টি বিষয় নিতে হবে:<br>(ক) ইতিহাস(৩০৪, ৩০৫) অথবা ইসলামের ইতিহাস(২৬৭, ২৬৮)<br>(খ) পৌরনীতি ও সুশাসন(২৬৯, ২৭০)<br>(গ) অর্থনীতি(১০৯, ১১০)<br>(ঘ) সমাজবিজ্ঞান(১১৭, ১১৮)<br>(ঙ) যুক্তিবিদ্যা(১২১, ১২২) | নৈর্বাচনিক বিষয় বাদে অন্য ১টি বিষয়<br>(ক) পৌরনীতি ও সুশাসন(২৬৯, ২৭০)<br>(খ) অর্থনীতি(১০৯, ১১০)<br>(গ) যুক্তিবিদ্যা(১২১, ১২২)<br>(ঘ) সমাজবিজ্ঞান(১১৭, ১১৮)<br>(ঙ) ইতিহাস(৩০৪, ৩০৫)<br>(চ) ইসলামের ইতিহাস(২৬৭, ২৬৮)<br>(ছ) ইসলাম শিক্ষা(২৪৯, ২৫০) |
| ব্যবসায় শিক্ষা | বাংলা(১০১, ১০২)<br>ইংরেজি(১০৭, ১০৮)<br>আইসিটি(২৭৫) | ক) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮)<br>খ) হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪)<br>গ) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন(২৮৬, ২৮৭) অথবা ফিন্যান্স ও ব্যাংকিং (২৯২, ২৯৩) | নৈর্বাচনিক বিষয় বাদে অন্য বিষয়<br>ক) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন(২৮৬, ২৮৭)<br>খ) ফিন্যান্স ও ব্যাংকিং(২৯২, ২৯৩) |



CamScanner

**৪। অনলাইন ভর্তি প্রক্রিয়া:**

(ক) একাদশ শ্রেণিতে ভর্তির জন্য প্রথমে edwardcollege.eshiksabd.com ওয়েবসাইটে প্রবেশ করে User ID: edwardstudent ও Password: edwardstudent ব্যবহার করে Sign In করতে হবে।

(খ) এরপর ' Admission' মেনুতে ক্লিক করে 'Click for New Admission' এ ক্লিক করতে হবে।

(গ) 'Select Department'এবং'Enter SSC Roll (6 Digit)' ঘর দুটি পূরণ করে'Check for Admission'এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।

(ঘ) ভর্তি ফরমে উল্লিখিত চাহিদা তথ্যাদি( **কলেজ কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিহিত ছবি আপলোড করতে হবে)** প্রদান করে 'Save' বাটনে ক্লিক করতে হবে।

(ঙ) পরবর্তীতে নির্ধারিত ফি জমা দিয়ে একই ওয়েবসাইট হতে আবেদনপত্র ও টাকা জমাদান রশিদের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

**৫। ভর্তি ফি জমাদান পদ্ধতি:**

ভর্তি ফি রকেট/ বিকাশ/ নগদ অ্যাপে গিয়ে 'Education Fee' বা ' শিক্ষা ফি' বা Pay Bill' অপশনে ক্লিক করে 'Govt Edward College' নির্বাচন করুন। শিক্ষার্থীর আইডি হিসেবে SSC রোল নম্বর( ৬ ডিজিট) প্রদান করলে শিক্ষার্থীর নাম এবং টাকার পরিমাণ প্রদর্শিত হবে। নির্ধারিত ভর্তি ফি পরিশোধ করলে শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে কলেজ রোল নম্বর ও ভর্তি সম্পন্ন হওয়ার এসএমএস(SMS) যাবে।

**নির্ধারিত ভর্তি ফি সিডিউল**

| বিবরণ | বিজ্ঞান শাখা | | মানবিক/ ব্যবসায় শিক্ষা শাখা | |
|---|---|---|---|---|
| | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র |
| বেতন | ০০/ - | ২৪০/ - | ০০/ - | ২৪০/ - |
| ভর্তি ফি | ২০/- | ২০/- | ২০/- | ২০/- |
| পাখা ফি | ১/- | ১/- | ১/- | ১/- |
| ডাক্তারি ফি | ১/- | ১/- | ১/- | ১/- |
| কলেজের সেশন ফি | ১, ৯৩৭/ - | ১, ৯৩৭/ - | ১, ৮১২/ - | ১, ৮১২/ - |
| ব্যবহারিক ফি | ১২৫/ - | ১২৫/ - | ২৫/ - | ২৫/ - |
| ব্যবস্থাপনা ফি | ৫০/ - | ৫০/ - | ৫০/ - | ৫০/ - |
| ষান্মাসিক ও বার্ষিক পরীক্ষার ফি ৩৫০×২ | ৭০০/ - | ৭০০/ - | ৭০০/ - | ৭০০/ - |
| সর্বমোট | ২, ৮৩৪/ - | ৩, ০৭৪/ - | ২, ৬০৯/ - | ২, ৮৪৯/ - |

**৬। প্রয়োজনীয় কাগজপত্র জমাদান ও ব্যাজ সংগ্রহ**

অনলাইনে ভর্তি সম্পন্ন হলে শিক্ষার্থীকে নিম্নে উল্লিখিত কাগজপত্র সিরিয়াল অনুযায়ী সাজিয়ে A4 সাইজের খাকি রঙের খামে ভরে শিক্ষার্থীর নাম, রোল, গ্রুপ, মোবাইল নং ও শাখার নাম লিখে জমা দিতে হবে।

**প্রয়োজনীয় কাগজপত্র:**

| স্ট্যাপলিং করতে হবে | |
|---|---|
| ১। অনলাইনে ভর্তির আবেদনের প্রিন্ট কপি<br>২। টাকা জমাদানের পেমেন্ট রশিদ | ৩। SSC এর ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি<br>৪। মাধ্যমিক বিদ্যালয় কর্তৃক প্রদত্ত SSC এর প্রশংসাপত্রের ফটোকপি |

প্রয়োজনীয় কাগজপত্র জমাদান শেষে কলেজের উচ্চ মাধ্যমিক অফিস থেকে কলেজ ব্যাজ ও টাই সংগ্রহ করতে হবে।

**একাদশ শ্রেণির ক্লাস শুরুঃ**

**আগামী ২৩/০৯/২০২৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. রোজ বুধবার সকাল ১০: ০০টায় সম্মিলিতভাবে শহীদ আব্দুস সাত্তার মিলনায়তনে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণির ওরিয়েন্টেশন ক্লাসের মাধ্যমে ক্লাস- রুটিন অনুযায়ী ক্লাস শুরু হবে। প্রত্যেহ শ্রেণি কার্যক্রম শুরুর পূর্বে ৮: ৪৫ মিনিটে জাতীয় সংগীত পরিবেশিত হবে।**

প্রতিস্বাক্ষর

১৪.০৯.২০২৬

(প্রফেসর মো. আব্দুল আউয়াল)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

প্রফেসর মোঃ আব্দুল আউয়াল-০৭৬৯১
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

১৪/০৯/২০২৬

(প্রফেসর বিষ্ণু পদ সরকার)
আহবায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-
২০২৬- ২৭
সরকারি এডওয়ার্ড কলেজ.
তারিখঃ ১৪/০৯/২০২৬ খ্রি.

স্মারক নং- সএক/ ৮০৩/২৫

কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১।উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২।সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-২০।বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২১।আহবায়ক, ওয়েবসাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (কলেজ ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
২২-২৩।হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২৪।নোটিস বোর্ড।
২৫।অফিস নথি।

১৪/০৯/২০২৬

(প্রফেসর বিষ্ণু পদ সরকার)
আহবায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-
২০২৬- ২৭



CS CamScanner